ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর
******

<u>স-২৮৮৮</u>

শান্তিরবাজার, ১৭ সেপ্টেম্বর, ২০২৫

**শান্তিরবাজার মহকুমায় ডিজিটাল রেশন কার্ড বিতরণ কর্মসূচি শুরু**

শান্তিরবাজার মহকুমায় রেশন ভোক্তাদের মধ্যে ডিজিটাল রেশন কার্ড বিতরণ আজ থেকে শুরু হয়েছে। আজ শান্তিরবাজার মহকুমা শাসকের কার্যালয়ের কনফারেন্স হলে খাদ্য ও জনসংভরণ দপ্তরের উদ্যোগে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে এই ডিজিটাল রেশন কার্ড বিতরণ কর্মসূচি শুরু হয়। বিধায়ক প্রমোদ রিয়াং, বকাফা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান কৃষ্ণা রিয়াং, শান্তিরবাজার পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, মহকুমা শাসক সঞ্জীব চাকমা আনুষ্ঠানিকভাবে ভোক্তাদের হাতে ডিজিটাল রেশন কার্ড তুলে দেন। শান্তিরবাজার মহকুমায় ৩৬ হাজার ৬৯০ জন রেশন ভোক্তা রয়েছেন। প্রথম পর্যায়ে ১৮ হাজার ভোক্তাদের হাতে ডিজিটাল রেশন কার্ড তুলে দেওয়া হবে। ক্রমান্বয়ে বাকীদের মধ্যেও ডিজিটাল রেশন কার্ড বিলি করা হবে। এছাড়াও অনুষ্ঠানে একই সঙ্গে বিকশিত ভারত গড়ার লক্ষ্যে আদি কর্মযোগী অভিযানের অধীনে আদি সেবা পর্বের সূচনা করা হয়।

*******